কালের কণ্ঠ

তারিখ ... 23 SEP 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

টাইমস হায়ার এডুকেশন র‌্যাংকিং

# উচ্চশিক্ষায় সেরা অক্সফোর্ড

**কালের কণ্ঠ ডেস্ক ▷**

উচ্চশিক্ষার ক্ষেত্রে বিশ্বের সেরা বিশ্ববিদ্যালয়ের তালিকার শীর্ষস্থানে উঠে এসেছে যুক্তরাজ্যের অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের নাম। লন্ডনভিত্তিক টাইমস হায়ার এডুকেশন (টিএইচই) সাময়িকীর র‌্যাংকিংয়ে এই প্রথম যুক্তরাজ্যের কোনো বিশ্ববিদ্যালয় সেরা নির্বাচিত হলো।

যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া ইনস্টিটিউট অব টেকনোলজি (ক্যালটেক) গেল পাঁচ বছর ধরে টিএইচই র‌্যাংকিংয়ের শীর্ষস্থানে ছিল। কিন্তু এ বছর ক্যালটেককে দ্বিতীয় স্থানে ঠেলে দিয়েছে অক্সফোর্ড। আগের বছর অক্সফোর্ড দ্বিতীয় অবস্থানে ছিল। তবে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) থেকে বের হয়ে যাওয়া (ব্রেক্সিট) যুক্তরাজ্যের উচ্চশিক্ষা ব্যবস্থাকে অস্থিতিশীল করে তুলতে পারে এবং বিদেশি গবেষকদের কাজ বাধাগ্রস্ত করতে পারে বলে সতর্ক করা হয়েছে।

টিএইচই বিশ্বের বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষা, গবেষণা ও আন্তর্জাতিক দৃষ্টিভঙ্গি (বিদেশি ছাত্র ও কর্মীর সংখ্যা ইত্যাদি) বিবেচনা করে তালিকাটি তৈরি করে থাকে।

তালিকায় বিশ্বের সেরা প্রথম ২০টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে যুক্তরাষ্ট্রের ১৫টি, যুক্তরাজ্যের অক্সফোর্ডসহ চারটি এবং সুইজারল্যান্ডের একটি বিশ্ববিদ্যালয় স্থান পেয়েছে। যুক্তরাষ্ট্রের স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয় ও ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজি (এমআইটি) যথাক্রমে তৃতীয় ও পঞ্চম অবস্থানে এবং যুক্তরাজ্যের ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয় চতুর্থ অবস্থানে আছে। যুক্তরাষ্ট্রের হার্ভার্ড বিশ্ববিদ্যালয়, প্রিন্সটন বিশ্ববিদ্যালয় যথাক্রমে ষষ্ঠ ও সপ্তম এবং শিকাগো বিশ্ববিদ্যালয় ও ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয় যৌথভাবে দশম স্থানে আছে। ইম্পেরিয়াল কলেজ লন্ডন অষ্টম এবং জুরিখের সুইস ফেডারেল ইনস্টিটিউট অব টেকনোলজি নবম স্থানে আছে।

যুক্তরাজ্যের ১২টি ও সুইজারল্যান্ড একটি ছাড়া ইউরোপের মধ্যে শুধু জার্মানির ১৩টি বিশ্ববিদ্যালয় বিশ্বের শীর্ষ ১০০টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে আছে। নেদারল্যান্ডসের ১৩টি বিশ্ববিদ্যালয় শীর্ষ ২০০টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে থাকলেও ফ্রান্স, ইতালি ও স্পেনের বিশ্ববিদ্যালয়গুলোর অবনমন হয়েছে। অন্যদিকে এশিয়ার বিশ্ববিদ্যালয়গুলো অগ্রযাত্রা অব্যাহত রেখেছে। শীর্ষ ২০০টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে নতুনভাবে এশিয়ার আরো চারটি বিশ্ববিদ্যালয় স্থান পেয়েছে। সূত্র : বিডিনিউজ।